রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বন অধিশাখা-২

## পরিপত্র

তারিখ : ১২ কার্তিক, ১৪২৮ বঃ/২৮ অক্টোবর, ২০২১ খ্রিঃ

নং ২২.০০.০০০০.০৬৭.০৯.০৪০.১৭.১৩৫—বাংলাদেশের পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ, অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধি এবং নতুন কর্মসংস্থান সৃষ্টিতে বৃক্ষরোপণ অভিযানের গুরুত্ব অনুধাবন করিয়া মাননীয় প্রধানমন্ত্রী "বৃক্ষরোপণ" কে অগ্রাধিকার প্রদান করিয়াছেন। নব্বই দশকের প্রথমার্ধে বৃক্ষরোপণ অভিযানের ফলে সারা দেশব্যাপী জনগণের মধ্যে বৃক্ষরোপণ সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি হয়। এই ব্যাপক গণসচেতনতাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য প্রত্যেক বছর সাধারণত জুন মাসেই বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার আয়োজনের পাশাপাশি বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদান করা হইয়া থাকে।

২। বর্তমানে জাতীয় বৃক্ষরোপণ অভিযান একটি সামাজিক আন্দোলনে পরিণত হইয়াছে। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় বৃক্ষরোপণ আন্দোলনকে বেগবান করার লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ঐকান্তিক প্রচেষ্টা অব্যাহত রহিয়াছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালায় ২০১৩ সালে ১০ টি শ্রেণিতে পুরস্কারের ক্যাটাগরি নির্ধারণ করা হয়। তাহাছাড়া দরখাস্ত আহ্বান ও মনোনয়ন চূড়ান্তকরণের সুবিধার্থে উপজেলা কমিটি, জেলা কমিটি, বিভাগীয় কমিটি, জাতীয় কমিটি ও পদক মূল্যায়ন উপ-কমিটি গঠন করা হইয়াছে। ইহা ছাড়াও আবেদনপত্রসমূহ সঠিকভাবে মূল্যায়নের লক্ষ্যে স্কোর পদ্ধতির প্রবর্তন ও মূল্যায়নের ছক প্রণয়ন করা হইয়াছে। বিভিন্ন কমিটি কর্তৃক অভিন্ন মূল্যায়নের লক্ষ্যে অভিন্ন মূল্যায়ন ছকের নমুনাসহ আবেদনপত্রের নমুনা নীতিমালার সাথে সংযুক্ত করা হইয়াছে।


মূল্য : টাকা ৩০.০০

CamScanner

৩। বর্তমান প্রেক্ষাপট পর্যবেক্ষণের ভিত্তিতে দেখা যায় যে, বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার বর্ণিত ১০ টি শ্রেণিতে প্রদানের জন্য নীতিমালা মোতাবেক পুরস্কারের জন্য পৃথকভাবে পর্যাপ্ত ও জাতীয় পর্যায়ের যথাযথ মান সম্পন্ন মনোনয়ন পাওয়া সম্ভব হইতেছে না। ফলে বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কারের যথাযথ মানদণ্ড বজায় রাখার জন্য পুরস্কারের শ্রেণির পুণর্বিন্যাস করিয়া ৭ টি শ্রেণিতে পুরস্কারের ক্যাটাগরী নির্ধারণ করা হইল।

৪। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদান সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল পরিপত্র বাতিল করা হইল। সংশ্লিষ্ট সকলকে বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের সংশোধিত নীতিমালা, ২০২১ অনুসরণ করিতে হইবে। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

৫। বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের সংশোধিত নীতিমালা, ২০২১ এতদ্‌সংগে সংযুক্ত করা হইল।

মোঃ মোস্তফা কামাল
সচিব।

CamScanner

# "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধনী)-২০২১"

## (ক) ভূমিকা :

পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের আয়তনের অন্ততঃ এক চতুর্থাংশ বৃক্ষাচ্ছাদন থাকা প্রয়োজন। তাহাছাড়া বাংলাদেশের গতিশীল অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবেশ ও প্রতিবেশ রক্ষায় বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু প্রতিনিয়ত জনসংখ্যা বৃদ্ধির ফলে নতুন নতুন বসতি স্থাপনের কারণে আবাদী জমির সংকোচনসহ জ্বালানী ও অন্যান্য বনজ সম্পদের চাহিদার উপর চাপ ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। এই অবস্থায় দেশের আনাচেকোনাচে, ফসল উৎপাদনের অনুপযোগী উঁচু-নিচু জমি, অফিস আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ির আশেপাশের খালি জায়গা, বাড়ির ছাদে, রাস্তা, রেললাইন ও খাদে ও পাশে, চরাঞ্চলে ও পার্বত্য এলাকায় বৃক্ষরোপণ করিয়া দেশের পরিবেশের ভারসাম্য রক্ষাসহ বনজ সম্পদের চাহিদা পূরণ করা যাইতে পারে।

এই লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টির জন্য জাতীয়ভাবে বৃক্ষরোপণ কর্মসূচী গ্রহণ করা হয় এবং এই কর্মসূচীতে দেশবাসী স্বতঃস্ফূর্তভাবে সাড়া দেয় এবং বৃক্ষরোপণের ক্ষেত্রে দেশব্যাপী অভূতপূর্ব উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। উল্লেখ্য যে, গাছ লাগানোর ক্ষেত্রে জনগণের যে উৎসাহ ও উদ্দীপনা দেখা যায়, গাছের যত্ন ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রেও সেই উৎসাহকে অটুট রাখা প্রয়োজন, যাহাতে প্রতিটি গাছের চারা বৃক্ষে পরিণত হইয়া আর্থিক ও পরিবেশগত সম্পদে পরিণত হয় এবং গাছ লাগানোর উদ্দেশ্যকে সফল করে। এই উপলক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং বন অধিদপ্তরের উদ্যোগে বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনে এবং বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বৃক্ষরোপণ ও রক্ষণাবেক্ষণের গুরুত্ব সংক্রান্ত লোকসঙ্গীত, জারিগান ও নাটিকা সম্প্রচারের ব্যবস্থাসহ বিভিন্ন সময়ে পোষ্টার, স্টিকার, লিফলেট প্রচারের ব্যবস্থা করা হয়। ইহা ছাড়াও বৃক্ষের রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার কাজে জনগণকে সম্পৃক্ত করিয়া দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে উন্নয়ন সহযোগী এনজিওদের বৃক্ষরোপণ, পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ কাজে উদ্বুদ্ধ করা হয়। ফলে সারা দেশে বৃক্ষরোপণ কর্মসূচী একটি সামাজিক আন্দোলনে রূপ নেয়।

এ প্রেক্ষাপটে সরকার সিদ্ধান্ত গ্রহণ করে যে, বৃক্ষরোপণ আন্দোলনকে একটি স্থায়ী চলমান ও স্বতঃস্ফূর্ত কার্যক্রমে পরিণত করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলকে অনুপ্রাণিত ও সম্পৃক্ত করার লক্ষ্যে বৃক্ষরোপণে যাহারা বিশেষ কৃতিত্ব প্রদর্শণ করিবেন তাহাদেরকে "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার" প্রদান করা হইবে। বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত বৃক্ষরোপণ কর্মকাণ্ডকে মোট ৭ টি শ্রেণিভুক্ত করিয়া প্রত্যেক শ্রেণিতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে ক্রেষ্ট ও সনদপত্রসহ একাউন্ট পেয়ি চেকে আর্থিক পুরস্কার প্রদান করা হইবে।

পুরস্কারের অর্থের পরিমাণ:

| | |
|---|---|
| প্রথম পুরস্কার | ১,০০,০০০/-(এক লক্ষ টাকা) |
| দ্বিতীয় পুরস্কার | ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার টাকা) |
| তৃতীয় পুরস্কার | ৫০,০০০/-(পঞ্চাশ হাজার টাকা) |

প্রতি বৎসর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিয়া জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষরোপণের শুভ উদ্বোধন ও বিজয়ীদের মধ্যে "বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার" বিতরণ করিয়া থাকেন।

CamScanner

(খ) পদকের শ্রেণি ও সংখ্যা :

নিম্নলিখিত ৭ টি শ্রেণির জন্য পুরস্কার প্রদান করা হইবে :—

| | পুরস্কারের শ্রেণি |
|---|---|
| ক. | প্রাথমিক বিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/এবতেদায়ী মাদ্রাসা/সিনিয়র মাদ্রাসা/কলেজ/বিশ্ববিদ্যালয় |
| খ. | ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/অধিদপ্তর/পরিদপ্তর/সেক্টর কর্পোরেশন/প্রতিষ্ঠান/এনজিও/ক্লাব/স্বেচ্ছাসেবী সংস্থা |
| গ. | ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ |
| ঘ. | ব্যক্তি মলিকানাধীন নার্সারী |
| ঙ. | বাড়ীর ছাদে বাগান সৃজন |
| চ. | বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান (উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ অন্যান্য সকল ধরনের বাগান) |
| ছ. | বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন |

(গ) পদক বাছাইয়ের জন্য মৌলিক নীতিমালা :

| ক্রমিক নং | নীতিমালা |
|---|---|
| ১। | শিক্ষা প্রতিষ্ঠান এর বনায়নের ক্ষেত্রে ন্যূনতম ৫০০ টি চারা হইতে হইবে এবং প্রজাতির বৈচিত্র্য থাকিতে হইবে (ক শ্রেণির জন্য প্রযোজ্য)। |
| ২। | সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা ইত্যাদির ক্ষেত্রে ন্যূনতম ২ (দুই) কিলোমিটার স্ট্রিপ বাগান (কমপক্ষে ২,০০০ চারা) অথবা ০.৮০ হেক্টর (২ .০ একর) ব্লক বাগান (কমপক্ষে ২,০০০ চারা) বিবেচনায় আনা হইবে (খ শ্রেণির জন্য প্রযোজ্য)। |
| ৩। | ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণের ক্ষেত্রে অন্ততঃ ০.১০ হেক্টর (০.২৫ একর) ব্লক বাগান (কমপক্ষে ২৫০ টি চারা)/ ০.২৫ কিঃমিঃ স্ট্রিপ বাগান (কমপক্ষে ২৫০ টি চারা)/০.১০ হেক্টর (০.২৫ একর) কৃষি বন বাগান (কমপক্ষে ২০০টি চারা) পুরস্কারের জন্য বিবেচনা করা হইবে (গ শ্রেণির জন্য প্রযোজ্য)। |
| ৪। | ব্যক্তিমালিকানাধীন নার্সারীর ক্ষেত্রে ন্যূনতম ১০,০০০ টি চারা সম্বলিত ০.১০ হেক্টর (০.২৫ একর) আয়তনের নার্সারী পুরস্কারের জন্য বিবেচনা করা হইবে (ঘ শ্রেণির জন্য প্রযোজ্য)। |
| ৫। | ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাড়ীর ছাদে সৃজিত বাগান পুরস্কারের জন্য বিবেচনা করা হইবে। এইক্ষেত্রে প্রজাতির বৈচিত্র্য থাকিতে হইবে। সৃজিত ছাদ বাগানের বেডের ১.৫ বঃ ফুট আয়তনকে একটি চারা/টব-এর জন্য বিবেচনা করা হইবে। ব্যক্তি মালিকানায় ন্যূনতম ৫০ টি টব/চারা, প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম ১০০ টি টব/চারা পুরস্কারের জন্য বিবেচনায় আনা হইবে। ছাদ বাগানে টব/চারা সাজানোর ধরণের ক্ষেত্রে ছাদের আয়তন ও টব/চারার স্থান সংকুলানের বিষয়টিকে মূল্যায়নকালে বিবেচনায় আনিতে হইবে। বাড়ীর ছাদ বাগানের ক্ষেত্রে দৃষ্টিনন্দন ফলদ, ভেষজ, শোভাবর্ধনকারী, দেশীয় বিলুপ্ত প্রায়, বিশেষ ও অন্যান্য বৃক্ষ প্রজাতির সংখ্যা আবেদনপত্রে উল্লেখ থাকিতে হইবে; যাহা স্কোরিং এর ক্ষেত্রে বিবেচিত হইবে (ঙ শ্রেণির জন্য প্রযোজ্য)। |

CamScanner

| ক্রমিক নং | নীতিমালা |
|---|---|
| ৬। | বন বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণকে কর্তব্যনিষ্ঠা ও উদ্ভাবনী চিন্তা বিকাশের ক্ষেত্রে উৎসাহিত করার নিমিত্ত বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান বিবেচনায় আনা হইবে। এই শ্রেণিতে উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ বন বিভাগ কর্তৃক সৃজিত অন্যান্য সকল ধরনের বাগান অন্তর্ভুক্ত হইবে। উডলট ও ব্লক বাগানের ক্ষেত্রে কমপক্ষে ২০ হেক্টর বাগান এবং ন্যূনতম ৮০% চারা জীবিত থাকিলে তাহা মূল্যায়নের জন্য বিবেচনায় আনা হইবে। স্ট্রিপ বাগানের ক্ষেত্রে কমপক্ষে ৬ সিডলিং কিঃমিঃ এবং কৃষি বনের ক্ষেত্রে ১০ হেক্টর বাগান এবং ন্যূনতম ৮০% চারা মূল্যায়নকালে বিবেচনায় আনা হইবে (চ শ্রেণির জন্য প্রযোজ্য) । |
| ৭। | বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন সংক্রান্ত বিশেষ উদ্যোগের ক্ষেত্রে, পরিবেশ, প্রতিবেশ, জীববৈচিত্র্য রক্ষায় অবদান, দারিদ্র বিমোচন/দেশের অর্থনীতিতে অবদান, মাটি ক্ষয়রোধ/লবণাক্ততা রোধ/ প্রকৃতি সংরক্ষণের ভূমিকা, স্থানীয় জনগণের নিকট গ্রহণযোগ্যতা, বাজারজাতকরণ/প্রচার মাধ্যমে প্রাপ্ত স্বীকৃতি, জলবায়ু পরিবর্তন রোধে ভূমিকা, যৌক্তিকতা সহকারে বিজ্ঞানভিত্তিক তথ্য উপস্থাপন, প্রামাণ্য চিত্র (ভিডিও/স্থিরচিত্র/ফটোগ্রাফ),কার্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সনদপত্র মূল্যায়নকালে বিবেচনায় আনা হইবে (ছ শ্রেণির জন্য প্রযোজ্য)। |
| ৮। | বিজ্ঞানভিত্তিক সুপরিকল্পিত উপায়ে ভূমির সর্বোত্তম ব্যবহার ও প্রজাতির বৈচিত্র্যসহ সৃজিত বাগান পুরস্কারের জন্য বিবেচিত হইবে । |
| ৯। | মূল্যায়নকালে বৃক্ষের প্রজাতি (বনজ, ফলদ, ভেষজ, দেশীয় বিলুপ্ত প্রায় ও শোভাবর্ধনকারী), চারার বৃদ্ধির হার, সতেজতা ইত্যাদি পৃথকভাবে বিবেচনা করা হইবে । |
| ১০। | নার্সারী ও বাগানের জীবিত চারার হার, গুণগতমান, পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের মান বিবেচনায় আনা হইবে। |
| ১১। | মোট জমির আয়তন ও পরিমাণের সাথে রোপিত চারার সংখ্যার সামঞ্জস্য বিবেচনায় আনা হইবে। এইক্ষেত্রে বন অধিদপ্তর তথা পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক জুন ২০০৪ ইং সালে প্রকাশিত ও সরবরাহকৃত নার্সারী ও প্লান্টেশন ম্যানুয়েল এর পৃষ্ঠা নং ৭৭ এর সারণী-১০ অনুসরণ করিতে হইবে। কোনো অসামঞ্জস্য থাকিলে সেই বাগান পুরস্কারের জন্য গ্রহণযোগ্য হইবেনা। |
| ১২। | নার্সারী সৃজন ও বনায়নের ক্ষেত্রে মহিলাদের উদ্যোগ/অংশগ্রহণ বিশেষ বিবেচনায় অগ্রাধিকার প্রদান করতঃ মূল্যায়ণ করা হইবে। |
| ১৩। | চূড়ান্তভাবে আবেদনপত্র/মনোনয়নপত্র যাচাই-বাছাই এর পর কোনো শ্রেণিতে ১ম/২য়/৩য় পুরস্কারের জন্য একাধিক আবেদনকারী সমান নম্বর/স্কোর প্রাপ্ত হইলে তাহাদের সকলকেই সংশ্লিষ্ট শ্রেণিতে ১ম/২য়/৩য় পুরস্কারের জন্য যৌথভাবে মনোনয়ন প্রদান করা হইবে। এই ক্ষেত্রে যৌথ পুরস্কারের জন্য মনোনীত প্রত্যেক-কে নীতিমালায় বর্ণিত পুরস্কার প্রদান করা হইবে। |
| ১৪। | বনজ, ফলদ, ভেষজ, শোভাবর্ধনকারী ও দেশীয় বিলুপ্ত প্রায় প্রজাতির সকল প্রকার বাগানই মূল্যায়নকালে বিবেচনায় আনা হইবে। |
| ১৫। | গাছ লাগানোর ক্ষেত্রে উদ্ভাবনী চিন্তা ও সফল মডেল অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হইবে। |

CamScanner

| ক্রমিক নং | নীতিমালা |
|---|---|
| ১৬। | বাগানের বয়সের নিম্নসীমা ২(দুই) বছর ও উর্ধ্বসীমা ৫(পাঁচ) বছর বিবেচিত হইবে। কিন্তু বন বিভাগের বাগানের ক্ষেত্রে ৪র্থ বৎসরের বাগান পুরস্কারের জন্য বিবেচিত হইবে। |
| ১৭। | প্রত্যেক আবেদনপত্রে মূল্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি ও স্বাক্ষর অবশ্যই থাকিতে হইবে। আবেদনকারীর স্বাক্ষরও থাকা অত্যাবশ্যক। অন্যথায় তাহা পুরস্কারের জন্য বিবেচিত হইবে না। মূল্যায়নকারী কর্মকর্তা ন্যূনতমপক্ষে সহকারী বন সংরক্ষক হইবেন। যেই সব ক্ষেত্রে সহকারী বন সংরক্ষক পাওয়া যাইবেনা, সেই সব ক্ষেত্রে কেবলমাত্র রেঞ্জক কর্মকর্তা মূল্যায়ন করিতে পারিবেন। |
| ১৮। | একবার পুরস্কার প্রাপ্ত বাগান পরবর্তীতে পুরস্কারের জন্য আর বিবেচিত হইবে না। বাগানের বয়স বাগান সৃজন সালের জুলাই মাস হইতে পুরস্কারের সালের জুন মাস পর্যন্ত বিবেচিত হইবে। |

**(ঘ) বনজ, ফলদ, ভেষজ, শোভাবর্ধনকারী ও দেশীয় বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতির বিবরণ :**

**বনজ :**

বনজ গাছ থেকে উৎপাদিত কাঠ, জ্বালানী কাঠ, খুঁটি, মাছ ও পশুখাদ্য দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করে।যেমন ঃ গর্জন, সেগুন, গামার, চাম্পাফুল, চাপালিশ, মেহগিনি, চিকরাশি,তেলশুর, কড়ই, রেন্ট্রি, আকাশমনি, ঘোড়ানিম (বকাইন) দেবদারু, পিটালি,শিমুল,ইপিল-ইপিল,ঝাউ, কেওড়া, বাইন. গেওয়া ইত্যাদি উল্লেখযোগ্য।

**ফলদ :**

ফলদ গাছ থেকে উৎপাদিত ফলে প্রচুর খাদ্যপ্রাণ থাকে, যাহা পুষ্টির জন্য সহায়ক ভূমিকা পালন করে। যেমন ঃ আম, জাম, গোলাপজাম, কাঁঠাল, লিচু, পেয়ারা, কুল, বরই, আতা, শরীফা, সফেদা, ডালিম, ডেউয়া, লটকন, আমড়া, কামরাঙ্গা, করমচা, তেঁতুল, চালতা, জলপাই, বাতাবি লেবু, কাগজী লেবু, কদবেল, ডুমুর, জগডুমুর, পানিফল, কাঠবাদাম, সুপারি, নারিকেল, বেল, খেঁজুর, তাল ইত্যাদি উল্লেখযোগ্য।

**ভেষজ :**

রোগ নিরাময় ও আয়ুর্বেদীয় চিকিৎসার কাজে ভেষজ গাছের ভূমিকা অতুলনীয়। যেমনঃ অর্জুন. আমলকি, বহেরা, হরিতকি, আকন্দ, বেল, ঘৃতকুমারী, স্বর্পগন্ধা, সজিনা, নিম, তুলসী, থানকুনী, লজ্জাবতী, কালমেঘ, বাসক, চিরতা ইত্যাদি উল্লেখযোগ্য।

**শোভাবর্ধনকারী :**

সৌন্দর্য বর্ধন, ছায়া প্রদান ও বাড়ীর পর্দার জন্য শোভাবর্ধনকারী বৃক্ষের ভূমিকা অপরিসীম। যেমন ঃ বকুল, কদম, সোনালু, জারুল, কৃষ্ণচুড়া, চাঁপা, দেবদারু, উইপিং দেবদারু, শিমুল, পলাশ, নাগেশ্বর, বটলব্রাশ, রাধাচূড়া,কাঞ্চন, নাগলিঙ্গম, ক্যাকটাস, অর্কিড, গোলাপ ইত্যাদি উল্লেখযোগ্য।

CamScanner

দেশীয় বিলুপ্তপ্রায় :

উচ্চ ফলনশীল ও যান্ত্রিক কৃষির প্রচলনের ফলে নিবিড় চাষাবাদ পদ্ধতিতে বহু প্রাকৃতিক প্রজাতি এ প্রতিবেশ থেকে বিলুপ্ত হইয়া গিয়াছে। এই সকল প্রজাতি আমাদের জীব-বৈচিত্র্যে ও উল্লেখযোগ্য অংশ জুড়িয়া ছিল। একদিকে বৃক্ষ প্রজাতি, অন্য দিকে প্রাণী বৈচিত্র্যের দেশ হিসাবে এই জনপদেও ঐতিহ্য ছিল কিংবদন্তীর ন্যায়। বিলুপ্ত প্রায় এই সকল উদ্ভিদ প্রজাতির মধ্যে আমুর, বৈলাম, আগর, বান্দরহোলা, উলটচন্ডাল, আশফল, পিপুল, বাঁশপাতা, পেড়ুক, অশোক, উদাল, সিভিট, কুম্ভি,কর্পূর ইত্যাদি উল্লেখযোগ্য।

(ঙ) আবেদনপত্র প্রক্রিয়াকরণের পদ্ধতি ও সময়সূচি নির্ধারণ : (মন্ত্রণালয়ের পত্র নং-পবম/শা-৫/বৃঃপঃ-১/০৬/২৮১ তারিখঃ ১১-০৯-২০০৬ ইং মূলে সংশোধিত) :

(১) স্থানীয় কমিটি (উপজেলা/থানা পর্যায়ে) ঃ নীতিমালা অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা পূরণ করিয়া বাছাই প্রস্তাব সকল কাগজপত্রসহ ৩১ ডিসেম্বরের মধ্যে জেলা কমিটিতে পাঠাইবেন।

(২) জেলা কমিটি (জেলা পর্যায়ে) ঃ নীতিমালা অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা শেষ করিয়া বাছাই প্রস্তাব সকল কাগজপত্রসহ ৩১ জানুয়ারির মধ্যে বিভাগীয় কমিটিতে পাঠাইবেন।

(৩) বিভাগীয় কমিটি (বিভাগীয় পর্যায়ে) ঃ নীতিমালা অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা শেষ করিয়া বাছাই প্রস্তাব সকল কাগজপত্রসহ ২৮ ফেব্রুয়ারির মধ্যে পদক মূল্যায়ন উপ-কমিটিতে প্রেরণ করিবেন।

(৪) পদক মূল্যায়ন উপ-কমিটি যাচাই বাছাই শেষে ৩১ মার্চের মধ্যে জাতীয় কমিটিতে উপস্থাপন করিবেন এবং জাতীয় কমিটি ৩১ মে'র মধ্যে পুরস্কারের বিষয়টি চূড়ান্ত করিবেন।

(চ) বিভিন্ন কমিটির গঠন কাঠামো :

(ক) স্থানীয় কমিটি (উপজেলা/থানা পর্যায়ে)

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | উপজেলা/থানা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৩) | উপজেলা/থানা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| (৪) | উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (৫) | উপজেলা/থানা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৬) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (৭) | পৌরসভা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (৮) | সভাপতি কর্তৃক মনোনীত দুইজন বেসরকারী প্রতিনিধি (ন্যূনতম একজন মহিলা) | সদস্য |
| (৯) | সহকারী বন সংরক্ষক/রেঞ্জ কর্মকর্তা | সদস্য-সচিব |

❒ জেলা কমিটি (জেলা পর্যায়ে) ঃ

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | সচিব, জেলা পরিষদ | সদস্য |
| (৩) | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (৪) | জেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| (৫) | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (৬) | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৭) | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| (৮) | সভাপতি কর্তৃক মনোনীত দুই জন বেসরকারি প্রতিনিধি (ন্যূনতম একজন মহিলা) | সদস্য |
| (৯) | বিভাগীয় বন কর্মকর্তা/সহকারী বন সংরক্ষক | সদস্য-সচিব |

❒ বিভাগীয় কমিটি (বিভাগীয় পর্যায়ে) :

| | | |
|---|---|---|
| (১) | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| (২) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৩) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| (৪) | পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| (৫) | সভাপতি কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয় প্রতিনিধি (উদ্ভিদ বিদ্যা/উদ্যান তত্ত্ব/ ফরেস্ট্রি বিভাগ) | সদস্য |
| (৬) | আঞ্চলিক কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (৭) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| (৮) | সভাপতি কর্তৃক মনোনীত দুই জন বেসরকারি ব্যক্তি (ন্যূনতম একজন মহিলা) | সদস্য |
| (৯) | বন সংরক্ষক | সদস্য-সচিব |

❒ জাতীয় কমিটি (মন্ত্রণালয় পর্যায়ে)

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মাননীয় উপমন্ত্রী/প্রতিমন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৫) | উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| (৬) | উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (৭) | উপাচার্য, শেরেবাংলা কৃষিবিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৮) | প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| (৯) | প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি | সদস্য |
| (১০) | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| (১১) | পরিচালক, বাংলাদেশ বন গবেষনা ইনস্টিটিউট | সদস্য |
| (১২) | পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা | সদস্য |
| (১৩) | পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সাংবাদিক | সদস্য |
| (১৪) | পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট মহিলা সমাজ সেবী/উদ্যোক্তা | সদস্য |
| (১৫) | পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় কর্তৃক মনোনীত দুইজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| (১৬) | সভাপতি, বাংলাদেশ পরিবেশ সাংবাদিক ফোরাম, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| (১৭) | অনুবিভাগ প্রধান (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

CamScanner

৫। পদক মূল্যায়ন উপ-কমিটি :
বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভাগীয় কমিটি হইতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই/বাছাই এর লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি উপ-কমিটি গঠন করিতে হইবে ঃ

| | | |
|---|---|---|
| (১) | অনুবিভাগ প্রধান (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি (পরিচালক পর্যায়ের)। | সদস্য |
| (৩) | উপ-সচিব (বন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। | সদস্য |
| (৪) | বন সংরক্ষক, ঢাকা সামাজিক বন অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা। | সদস্য |
| (৫) | প্রধান বৃক্ষ পালনবিদ, সড়ক ও জনপথ অধিদপ্তর। | সদস্য |
| (৬) | সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা ইউনিট, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| (৭) | সহকারী প্রধান বন সংরক্ষক, সামাজিক বন ও সম্প্রসারণ, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| (৮) | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ঢাকা। | সদস্য |
| (৯) | কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি। | সদস্য |
| (১০) | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বন অধিশাখা-২) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। | সদস্য-সচিব |

**বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-এর নিমিত্ত আবেদনপত্র মূল্যায়ন ও স্কোর নির্ধারণ পদ্ধতি :**
**শ্রেণি : শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি (বন বিভাগ ব্যতীত)/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা এবং ব্যক্তিগত উদ্যোগে সৃজিত বাগান-এর ক্ষেত্রে মূল্যায়ন ও স্কোর নির্ধারণ পদ্ধতি (ক-গ শ্রেণির জন্য প্রযোজ্য)**

(সর্বমোট স্কোর-১০০)

১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ ন্যূনতম সংখ্যক চারা রোপণ ঃ

মোট স্কোর-১০

| শ্রেণি | সংস্থা | বাগানের ধরন | নীতিমালা মোতাবেক ন্যূনতম এরিয়া/চারার সংখ্যা | স্কোর |
|---|---|---|---|---|
| ক. | শিক্ষা প্রতিষ্ঠান | যে কোনো ধরনের | ন্যূনতম ৫০০টি | ১০ |
| খ. | সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা ইত্যাদি | স্ট্রিপ বাগান | ২কিঃ মিঃ (কমপক্ষে ২০০০টি চারা) | ১০ |
| | -ঐ- | ব্লক বাগান/উডলট | ০.৮০ হেক্টর (২.০ একর) কমপক্ষে ২০০০টি চারা | ১০ |
| গ. | ব্যক্তিগত উদ্যোগে সৃজিত বাগান | ব্লক বাগান/উডলট | ০.১০ হেক্টর (০.২৫ একর) (কমপক্ষে ২৫০টি চারা) | ১০ |
| | -ঐ- | স্ট্রিপ বাগান | ০.২৫ কিঃমিঃ (কমপক্ষে ২৫০টি চারা) | ১০ |
| | -ঐ- | কৃষি বন বাগান | ০.৮০ হেক্টর(২.০ একর) (কমপক্ষে ২০০টি চারা) | ১০ |

২। ন্যূনতম চারার সংখ্যার অতিরিক্ত চারা রোপণের জন্য নিম্নোক্তভাবে নম্বর বন্টন করা হইবে : মোট স্কোর-২০

(ক) শিক্ষা প্রতিষ্ঠানে বাগান সৃজনের জন্য প্রযোজ্য :

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ২৫০ পর্যন্ত | ২ |
| ২৫১ - ৫০০ পর্যন্ত | ৪ |
| ৫০১ - ১০০০ পর্যন্ত | ৬ |
| ১০০১ - ১৫০০ পর্যন্ত | ৮ |
| ১৫০১ - ২০০০ পর্যন্ত | ১০ |
| ২০০১ - ২,৫০০ পর্যন্ত | ১২ |
| ২৫০১ - ৩,০০০ পর্যন্ত | ১৪ |
| ৩,০০১ - ৪,০০০ পর্যন্ত | ১৬ |
| ৪,০০১ - ৫,০০০ পর্যন্ত | ১৮ |
| ৫,০০১ এবং তদূর্ধ্ব | ২০ |

(খ) সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার উদ্যোগে সৃজিত স্ট্রিপ বাগান/ব্লক বাগান/উডলট বাগানের ক্ষেত্রে প্রযোজ্য :

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ১০০০ পর্যন্ত | ২ |
| ১০০১ - ২০০০ পর্যন্ত | ৪ |
| ২০০১ - ৪০০০ পর্যন্ত | ৬ |
| ৪০০১ - ৬০০০ পর্যন্ত | ৮ |
| ৬০০১ - ৮০০০ পর্যন্ত | ১০ |
| ৮০০১ - ১০,০০০ পর্যন্ত | ১২ |
| ১০,০০১ - ১২,০০০ পর্যন্ত | ১৪ |
| ১২,০০১ - ১৬,০০০ পর্যন্ত | ১৬ |
| ১৬,০০১ - ২০,০০০ পর্যন্ত | ১৮ |
| ২০,০০১ এবং তদূর্ধ্ব | ২০ |

(গ) ব্যক্তিগত উদ্যোগে সৃজিত বাগান :

(i) ব্লক/উডলট/স্ট্রিপ বাগানের জন্য প্রযোজ্য :

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ১২৫ পর্যন্ত | ২ |
| ১২৬ - ২৫০ পর্যন্ত | ৪ |
| ২৫১ - ৫০০ পর্যন্ত | ৬ |
| ৫০১ - ৭৫০ পর্যন্ত | ৮ |
| ৭৫১ - ১০০০ পর্যন্ত | ১০ |
| ১০০১ - ১২৫০ পর্যন্ত | ১২ |
| ১২৫১ - ১৫০০ পর্যন্ত | ১৪ |
| ১৫০১ - ২০০০ পর্যন্ত | ১৬ |
| ২০০১ - ২,৫০০ পর্যন্ত | ১৮ |
| ২৫০১ এবং তদূর্ধ্ব | ২০ |

CamScanner

(ii) কৃষি বন বাগানের জন্য প্রযোজ্য :

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ১০০ পর্যন্ত | ২ |
| ১০১ - ১৫০ পর্যন্ত | ৪ |
| ১৫১ -২০০ পর্যন্ত | ৬ |
| ২০১ -২৫০ পর্যন্ত | ৮ |
| ২৫১ -৩০০ পর্যন্ত | ১০ |
| ৩০১ - ৩৫০ পর্যন্ত | ১২ |
| ৩৫১ - ৪০০ পর্যন্ত | ১৪ |
| ৪০১ - ৪৫০ পর্যন্ত | ১৬ |
| ৪৫১ - ৫০০ পর্যন্ত | ১৮ |
| ৫০১ এবং তদুর্ধ্ব | ২০ |

৩। জীবিত চারার হার : মোট স্কোর- ১০

| জীবিত চারার শতকরা হার | স্কোর |
|---|---|
| ৫০ % পর্যন্ত | ০ |
| ৫০ % এর অধিক হতে ৬০ % পর্যন্ত | ২ |
| ৬০ % এর অধিক হতে ৭০ % পর্যন্ত | ৪ |
| ৭০ % এর অধিক হতে ৮০ % পর্যন্ত | ৬ |
| ৮০ % এর অধিক হতে ৯০ % পর্যন্ত | ৮ |
| ৯০ % এর অধিক হতে ১০০% পর্যন্ত | ১০ |

৪। বর্ধনহার : মোট স্কোর-২০

বনজ

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১' এর নীচে | ০ |
| ১' - ২' এর মাঝে | ১ |
| ২' - ৩' এর মাঝে | ২ |
| ৩' - ৪' এর মাঝে | ৩ |
| ৪' এবং তদুর্ধ্ব | ৪ |

ফলদ

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১' এর নীচে | ০ |
| ১' - ২' এর মাঝে | ১ |
| ২' - ৩' এর মাঝে | ২ |
| ৩' - ৪' এর মাঝে | ৩ |
| ৪' এবং তদুর্ধ্ব | ৪ |

CamScanner

ভেষজ

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ১ |
| ১ - ২ এর মাঝে | ২ |
| ২ - ৩ এর মাঝে | ৩ |
| ৩ হইতে তদূর্ধ্ব | ৪ |

শোভাবর্ধনকারী

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ১ |
| ১ - ২ এর মাঝে | ২ |
| ২ - ৩ এর মাঝে | ৩ |
| ৩ হইতে তদূর্ধ্ব | ৪ |

দেশীয় বিলুপ্ত-প্রায়

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ১ |
| ১ - ২ এর মাঝে | ২ |
| ২ - ৩ এর মাঝে | ৩ |
| ৩ হইতে তদূর্ধ্ব | ৪ |

৫। প্রজাতি বৈচিত্র্য : মোট স্কোর-২০

বনজ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

ফলদ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

ভেষজ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

CamScanner

শোভাবর্ধনকারী

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

দেশীয় বিলুপ্ত-প্রায়

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

৬। বাগানের মডেল : মোট স্কোর- ৫

| মডেল | নম্বর |
|---|---|
| বিজ্ঞানভিত্তিক মডেল (এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্যতা বজায় রাখিয়া সুপরিকল্পিতভাবে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ) | ৫ |
| বিজ্ঞানভিত্তিক মডেল না হইলে | ২ |

৭। মহিলা উদ্যোক্তা /মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ/পুরুষ উদ্যোক্তা : মোট স্কোর-৫

| বিশেষত্ব | স্কোর |
|---|---|
| মহিলা উদ্যোক্তা | ৫ |
| মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | ৩ |

৮। বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : মোট স্কোর-১০

| বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান | স্কোর |
|---|---|
| উত্তম | ১০ |
| মধ্যম | ৬ |
| সাধারণ | ৩ |

বিঃ দ্রঃ (দশমিকের পরের অংক বিবেচিত হইবে না)।

শ্রেণি : ব্যক্তি মালিকানাধীন নার্সারী বিষয়ক মূল্যায়ন পদ্ধতি ও স্কোর নির্ধারণ (ঘ শ্রেণির জন্য প্রযোজ্য) :
(সর্বমোট স্কোর-১০০)

১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ন্যূনতম সংখ্যক চারা সৃজন : মোট স্কোর-১০

| সংস্থা | ব্যবহৃত জমির পরিমাণ/চারার সংখ্যা | স্কোর |
|---|---|---|
| নার্সারীর নাম ও ঠিকানা | ন্যূনতম আয়তন ০.১০ হেক্টর (০.২৫ একর) এবং ন্যূনতম ১০,০০০টি চারা | ১০ |

২। ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা সৃজন : মোট স্কোর-১৫

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ৫০,০০০ পর্যন্ত | ৩ |
| ৫০,০০১ - ১,০০,০০০ পর্যন্ত | ৫ |
| ১,০০,০০১ - ১,৫০,০০০ পর্যন্ত | ৭ |
| ১,৫০,০০১ - ২,০০,০০০ পর্যন্ত | ৯ |
| ২,০০,০০১ - ২,৫০,০০০ পর্যন্ত | ১১ |
| ২,৫০,০০১ - ৩,০০,০০০ পর্যন্ত | ১৩ |
| ৩,০০,০০১ এবং তদূর্ধ্ব | ১৫ |

৩। জীবিত চারার হার : মোট স্কোর-১৫

| জীবিত চারার শতকরা হার | স্কোর |
|---|---|
| ৫০ % পর্যন্ত | ০ |
| ৫০ % এর অধিক হতে ৬০% পর্যন্ত | ৩ |
| ৬০ % এর অধিক হতে ৭০ % পর্যন্ত | ৬ |
| ৭০ % এর অধিক হতে ৮০ % পর্যন্ত | ৯ |
| ৮০ % এর অধিক হতে ৯০ % পর্যন্ত | ১২ |
| ৯০ % এর অধিক হতে ১০০% পর্যন্ত | ১৫ |

৪। প্রজাতি বৈচিত্র্য : মোট স্কোর- ২৫

(৫+৫+৫+৫+৫)

বনজ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদূর্ধ্ব | ৫ |

ফলদ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদুর্ধ্ব | ৫ |

ভেষজ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদুর্ধ্ব | ৫ |

শোভাবর্ধনকারী

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদুর্ধ্ব | ৫ |

দেশীয় বিলুপ্ত-প্রায়

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭-৮ | ৪ |
| ৯ এবং তদুর্ধ্ব | ৫ |

৫। নার্সারীর চারা বিক্রয় : মোট স্কোর- ৫

| বিক্রিত চারার সংখ্যা | স্কোর |
|---|---|
| ২০,০০০ পর্যন্ত | ১ |
| ২০,০০১—৪০,০০০ পর্যন্ত | ২ |
| ৪০,০০১—৬০,০০০ পর্যন্ত | ৩ |
| ৬০,০০১—৮০,০০০ পর্যন্ত | ৪ |
| ৮০,০০১ এবং তদুর্ধ্ব | ৫ |

৬। কর্মসংস্থান : মোট স্কোর- ১০

স্থায়ী কর্মসংস্থান

| নার্সারী কর্মী/শ্রমিক | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭-৮ | ৪ |
| ৯ এবং তদূর্ধ্ব | ৫ |

মৌসুমী কর্মসংস্থান

| শ্রমঘন্টা | স্কোর |
|---|---|
| ২০০০ পর্যন্ত | ১ |
| ২০০১ - ৩০০০ পর্যন্ত | ২ |
| ৩০০১ - ৪০০০ পর্যন্ত | ৩ |
| ৪০০১ - ৫০০০ পর্যন্ত | ৪ |
| ৫০০১ এবং পর্যন্ত | ৫ |

৭। মহিলা উদ্যোক্তা/মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ/পুরুষ উদ্যোক্তা : মোট স্কোর-৫

| বিশেষত্ব | স্কোর |
|---|---|
| মহিলা উদ্যোক্তা | ৫ |
| মহিলা এবং পুরুষ যৌথ উদ্যোগ | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | ৩ |

৮। সার্বিক রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : মোট স্কোর-১৫

| | সেচ ব্যবস্থা (পানি নিস্কাশনের ব্যবস্থা) | সূর্যালোকের ব্যবস্থা | নার্সারী রক্ষণাবেক্ষণ/ পরিচর্যার মান | মোট স্কোর |
|---|---|---|---|---|
| উত্তম/পর্যাপ্ত | ৫ | ৫ | ৫ | ১৫ |
| মধ্যম | ৩ | ৩ | ৩ | ৯ |
| সাধারণ/অপর্যাপ্ত | ১ | ১ | ১ | ৪ |

বিঃ দ্রঃ দশমিকের পরের অংক বিবেচিত হইবে না।

শ্রেণি : বাড়ীর ছাদে বাগান সৃজন বিষয়ক মূল্যায়ন পদ্ধতি ও স্কোর নির্ধারণ (ঙ শ্রেণির জন্য প্রযোজ্য) :

(সর্বমোট স্কোর-১০০)

১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ ন্যূনতম সংখ্যক চারা রোপণ : মোট স্কোর-১০

| সংস্থা | বাগানের ধরন | নীতিমালা মোতাবেক ন্যূনতম এরিয়া/চারার সংখ্যা | স্কোর |
|---|---|---|---|
| বাড়ীর ছাদে বাগান সৃজন | ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক উদ্যোগে টব/বেডের বাগান | ব্যক্তি মালিকানায় ন্যূনতম ৫০টি টব/চারা, প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম ১০০ টি টব/চারা | ১০ |

২। ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা : মোট স্কোর-২০

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ২৫ পর্যন্ত | ২ |
| ২৬ - ৫০ পর্যন্ত | ৪ |
| ৫১ - ৭৫ পর্যন্ত | ৬ |
| ৭৬ - ১০০ পর্যন্ত | ৮ |
| ১০১ - ১২৫ পর্যন্ত | ১০ |
| ১২৬ - ১৫০ পর্যন্ত | ১২ |
| ১৫১ - ১৭৫ পর্যন্ত | ১৪ |
| ১৭৬ - ২০০ পর্যন্ত | ১৬ |
| ২০১ - ২২৫ পর্যন্ত | ১৮ |
| ২২৬ - ২৫০ পর্যন্ত | ২০ |

৩। সাজানোর ধরন : মোট স্কোর-৮

| সাজানোর ধরন | স্কোর |
|---|---|
| উত্তম | ৮ |
| মধ্যম | ৬ |
| সাধারণ | ৪ |

৪। প্রজাতি বৈচিত্র্য : মোট স্কোর-২৪

ফলদ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

ভেষজ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

শোভাবর্ধনকারী

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

দেশীয় -বিলুপ্তপ্রায়

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

বিশেষ প্রজাতি

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

অন্যান্য

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

৫। দৃষ্টি নন্দন চাষ : মোট স্কোর-১৮

ফলদ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |
| ৩ এবং তদূর্ধ্ব | ৩ |

ভেষজ

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |
| ৩ এবং তদূর্ধ্ব | ৩ |

শোভাবর্ধনকারী

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |
| ৩ এবং তদুর্ধ্ব | ৩ |

দেশীয় বিলুপ্ত প্রায়

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |
| ৩ এবং তদুর্ধ্ব | ৩ |

বিশেষ প্রজাতি

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |
| ৩ এবং তদুর্ধ্ব | ৩ |

অন্যান্য

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১ | ১ |
| ২ | ২ |
| ৩ এবং তদুর্ধ্ব | ৩ |

৬। বাগানের মডেল : মোট স্কোর-৫

| মডেল | স্কোর |
|---|---|
| বিজ্ঞান ভিত্তিক মডেল (এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্যতা বজায় রাখিয়া সুপরিকল্পিতভাবে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ) | ৫ |
| বিজ্ঞান ভিত্তিক মডেল না হইলে | ২ |

৭। মহিলা উদ্যোক্তা/মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ/পুরুষ উদ্যোক্তা : মোট স্কোর-৫

| বিশেষত্ব | স্কোর |
|---|---|
| মহিলা উদ্যোক্তা | ৫ |
| মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | ৩ |

৮। বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : মোট স্কোর-১০

| বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান | স্কোর |
|---|---|
| উত্তম | ১০ |
| মধ্যম | ৬ |
| সাধারণ | ৩ |

বিঃ দ্রঃ (দশমিকের পরের অংক বিবেচিত হইবে না)

৫. স্থানীয় জনগণের নিকট গ্রহণযোগ্যতা : মোট স্কোর-১০

| মাত্রা | স্কোর |
|---|---|
| পর্যাপ্ত | ১০ |
| মধ্যম | ০৬ |
| অপর্যাপ্ত | ০৩ |

৬. বাজারজাতকরণ/প্রচার মাধ্যমে স্বীকৃতি : মোট স্কোর-১০

| মাত্রা | স্কোর |
|---|---|
| পর্যাপ্ত | ১০ |
| মধ্যম | ০৬ |
| অপর্যাপ্ত | ০৩ |

৭. জলবায়ু পরিবর্তনরোধে ভূমিকা : মোট স্কোর-১০

| ভূমিকার মান | স্কোর |
|---|---|
| উত্তম | ১০ |
| মধ্যম | ০৬ |
| সাধারণ | ০৩ |

৮. যৌক্তিকতা সহকারে বিজ্ঞান ভিত্তিক তথ্য উপস্থাপন : মোট স্কোর-১০

| মান | স্কোর |
|---|---|
| উত্তম | ১০ |
| মধ্যম | ০৬ |
| সাধারণ | ০৩ |

৯. প্রামান্য চিত্র (ভিডিও/স্থিরচিত্র/ফটোগ্রাফ) ঃ মোট স্কোর-১৫

| প্রামান্য চিত্র | স্কোর |
|---|---|
| ভিডিও | ১৫ (উত্তম) |
| স্থিরচিত্র | ১০ (মধ্যম) |
| ফটোগ্রাফ | ০৫ (সাধারণ) |

১০. কার্যসংশ্লিষ্ট সরকারি দপ্তরের সনদ পত্র ঃ মোট স্কোর-০৫

| সনদপত্র | স্কোর |
|---|---|
| কার্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সনদপত্র | ০৫ (উত্তম) |
| | ০৩ (মধ্যম) |
| | ০২ (সাধারণ) |

**পদকের জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের গেজেট/প্রজ্ঞাপন আকারে প্রকাশ ঃ**

জাতীয় কমিটি কর্তৃক পদকের জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের পূর্ণাঙ্গ তালিকা পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ গেজেটে প্রকাশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

CamScanner

পরিশিষ্ট-(ক)

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ................ সালের এর জন্য আবেদনপত্র।
পুরস্কারের শ্রেণি ঃ ব্যক্তিমালিকানাধীন নার্সারী ব্যতীত অন্যান্য শ্রেণি (ক, খ, গ শ্রেণির জন্য প্রযোজ্য)

১। আবেদনকারীর নাম :
২। পূর্ণ ঠিকানা :
৩। বনায়ন/বাগান সংক্রান্ত তথ্যাদি :
(ক) অবস্থান :
(খ) বাগান সৃজনের বৎসর :
(গ) ইতিপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি-না : হ্যাঁ/না
(ঘ) বাগানের ধরন : স্ট্রিপ/ব্লক/উডলট/কৃষি বন/বাড়ীর ছাদ
(ঙ) বাগানের পরিমাণ : হেক্টর (ব্লক/উডলট/কৃষি বনের ক্ষেত্রে)
কিলোমিটারে (স্ট্রিপ বাগানের ক্ষেত্রে)

চারার সংখ্যা (শিক্ষা প্রতিষ্ঠান বনায়নের ক্ষেত্রে)

(চ) রোপিত চারার সংখ্যা ও বিবরণ :

| চারার ধরণ | রোপিত চারার সংখ্যা | জীবিত চারার শতকরা হার (%) | গড় উচ্চতা (ফুট) | প্রজাতির বর্ধনহার (ফুট) (গড় উচ্চতা (÷) বাগানের বয়স) |
|---|---|---|---|---|
| বনজ | | | | |
| ফলদ | | | | |
| ভেষজ (ঔষধি) | | | | |
| শোভাবর্ধনকারী | | | | |
| দেশীয় বিলুপ্তপ্রায় | | | | |
| সর্বমোট : | | | | |

(ছ) প্রজাতির বৈচিত্র্য :

| প্রজাতির ধরণ | প্রজাতির সংখ্যা |
|---|---|
| বনজ | |
| ফলদ | |
| ভেষজ | |
| শোভাবর্ধনকারী | |
| দেশীয় বিলুপ্তপ্রায় | |

(জ) বাগানের মডেল : এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্যতা বা বিজ্ঞানভিত্তিক মডেল/প্রচলিত সাধারণ মডেল :

(ঝ) মহিলা উদ্যোক্তা/পুরুষ উদ্যোক্তা/মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ :

তারিখ : (আবেদনকারীর স্বাক্ষর)

CamScanner

মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য :

বাগানের রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : উত্তম/মধ্যম/সাধারণ

আবেদনপত্রে বর্ণিত তথ্যাদিও সঠিকতা সম্পর্কিত মন্তব্য :

মূল্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি ..............................

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরও সীল :

তারিখ :

বিঃদ্রঃ (মূল্যায়নের ক্ষেত্রে নীতিমালার ক্রমিক নং-১৬ ও ১৭ অবশ্যই অনুসরণ করিতে হইবে এবং তথ্যাদিও সঠিকতা সম্পর্কিত মূল্যায়নে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে, তবে মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকিতে হইবে)।

পরিশিষ্ট-ঘ

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ............. সালের জন্য আবেদনপত্র।
পুরস্কারের শ্রেণি ঃ ব্যক্তি মালিকানাধীন নার্সারী (ঘ শ্রেণির জন্য প্রযোজ্য)

১। আবেদনকারীর নাম :

২। পূর্ণ ঠিকানা :

৩। নার্সারীর অবস্থান :

৪। নার্সারী প্রতিষ্ঠার বৎসর :

৫। নার্সারীর আয়তন :

৬। নার্সারীর চারার সংখ্যা :

৭। বছর ভিত্তিক চারা উত্তোলনের হিসাব :

| চারা উত্তোলনের বছর | প্রজাতি ভিত্তিক চারার সংখ্যা | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | বনজ | ফলদ | ভেষজ | শোভাবর্ধনকারী | দেশীয় বিলুপ্তপ্রায় | |
| | | | | | | |
| সর্বমোট : | | | | | | |

৮। জীবিত চারার হার :

| চারার ধরণ | নার্সারীতে বিদ্যমান জীবিত চারার হার (%) |
|---|---|
| বনজ | |
| ফলদ | |
| ভেষজ | |
| শোভাবর্ধনকারী | |
| দেশীয় বিলুপ্তপ্রায় | |

৯। প্রজাতির বৈচিত্র্য :

| প্রজাতির ধরণ | প্রজাতির সংখ্যা |
|---|---|
| বনজ | |
| ফলদ | |
| ভেষজ | |
| শোভাবর্ধনকারী | |
| দেশীয় বিলুপ্ত প্রায় | |

১০। কর্মসংস্থান : স্থায়ী ..................... জন

মৌসুমী ............... শ্রমঘন্টা

১১। মহিলা উদ্যোক্তা/পুরুষ উদ্যোক্তা/মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ :

১২। নার্সারীর চারা বিক্রয়ের হিসাব :

| বৎসর | চারার সংখ্যা | | | | | টাকা |
|---|---|---|---|---|---|---|
| | বনজ | ফলদ | ভেষজ | দেশীয় বিলুপ্ত প্রায় | মোট | |
| বিগত বৎসর | | | | | | |
| ২ বৎসর পূর্বের | | | | | | |
| ৩ বৎসর পূর্বের | | | | | | |
| সর্বমোট : | | | | | | |

তারিখ : আবেদনকারীর স্বাক্ষর ও সীল:

মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য :

(ক) সেচ ব্যবস্থা : পর্যাপ্ত/মধ্যম/অপর্যাপ্ত

(খ) সূর্যালোক : পর্যাপ্ত/মধ্যম/অপর্যাপ্ত

(গ) নার্সারী রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : উত্তম/মধ্যম/সাধারণ

আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদিও সঠিকতা সম্পর্কিত মন্তব্য ..........................

মূল্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি ......................

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল :

তারিখ :

বিঃদ্রঃ (মূল্যায়নের ক্ষেত্রে নীতিমালার ক্রমিক নং-১৬ অবশ্যই অনুসরণ করিতে হইবে এবং তথ্যাদির সঠিকতা সম্পর্কিত মূল্যায়নে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে, তবে মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকিতে হইবে)।

পরিশিষ্ট-গ

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ............. সালের জন্য আবেদনপত্র।
পুরস্কারের শ্রেণি ঃ বাড়ীর ছাদে বাগান (ঙ শ্রেণির জন্য প্রযোজ্য)

১। আবেদনকারীর নাম :
২। পূর্ণ ঠিকানা :
৩। বনায়ন/বাগান সংক্রান্ত তথ্যাদি :
(ক) অবস্থান :
(খ) বাগান সৃজনের বৎসর :
(গ) ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি-না : হ্যাঁ/না
(ঘ) বাগানের ধরন :
(ঙ) রোপিত চারার/টবের সংখ্যা :
(চ) প্রজাতির বৈচিত্র্য এবং দৃষ্টিনন্দন উৎপাদন :

| প্রজাতির ধরণ | প্রজাতির সংখ্যা | দৃষ্টিনন্দন প্রজাতির সংখ্যা |
|---|---|---|
| বনজ | | |
| ফলদ | | |
| ভেষজ | | |
| শোভাবর্ধনকারী | | |
| দেশীয় বিলুপ্তপ্রায় | | |
| সবজী ও অন্যান্য | | |
| বিশেষ/বিরল | | |

(ছ) সাজানোর ধরণ : উত্তম/মধ্যম/সাধারণ
(জ) বাগানের মডেল : এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্যতা বা বিজ্ঞান ভিত্তিক মডেল/প্রচলিত সাধারণ মডেল :
(ঝ) মহিলা উদ্যোক্তা/পুরুষ উদ্যোক্তা/মহিলা এবং পুরুষের যৌথ উদ্যোগ :

তারিখ : (আবেদনকারীর স্বাক্ষর)

মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য :

বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : উত্তম/মধ্যম/সাধারণ
আবেদনপত্রে বর্ণিত তথ্যাদি ও সঠিকতা সম্পর্কিত মন্তব্য :................................

মূল্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি ......................

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল :
তারিখ :

বিঃদ্রঃ (মূল্যায়নের ক্ষেত্রে নীতিমালার ক্রমিক নং-১৬ অবশ্যই অনুসরণ করিতে হইবে এবং তথ্যাদিও সঠিকতা সম্পর্কিত মূল্যায়নে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে, তবে মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকিতে হইবে)।

CamScanner

পরিশিষ্ট-ঘ

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ................ সালের জন্য আবেদনপত্র।
পুরস্কারের শ্রেণি : বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান (চ শ্রেণির জন্য প্রযোজ্য)

১। আবেদনকারী বন বিভাগের নাম :
২। বন বাগান সংক্রান্ত তথ্যাদি :
(ক) অবস্থান :
(খ) বাগান সৃজনের বৎসর :
(গ) ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি-না : হ্যাঁ/না
(ঘ) বাগানের ধরন : স্ট্রিপ/ব্লক/উডলট/কৃষি বন বাগান
(ঙ) বাগানের পরিমাণ : হেক্টরে (ব্লক/উডলট/ কৃষি বন বাগানের ক্ষেত্রে) /কিলোমিটারে (স্ট্রিপ বাগানের ক্ষেত্রে)
(চ) রোপিত চারার শতকরা হার ও প্রজাতির গড় বর্ধন হার :

| চারার প্রজাতি | রোপিত চারার শতকরা হার | জীবিত চারার শতকরা হার (%) | গড় উচ্চতা (ফুট) | চারার বর্ধন হার (ফুট) (গড় উচ্চতা (÷) বাগানের বয়স) |
|---|---|---|---|---|
| বনজ | | | | |
| ফলদ | | | | |
| ভেষজ (ঔষধি) | | | | |
| দেশীয় বিলুপ্ত প্রায় | | | | |
| সর্বমোট : | | | | |

(ছ) ন্যূনতম হারের অতিরিক্ত জীবিত চারার হার :
(জ) বাগানের মডেল : এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্য বা বিজ্ঞান ভিত্তিক মডেল/প্রচলিত সাধারণ মডেল :

তারিখ : (আবেদনকারীর স্বাক্ষর)

মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য :

বাগানের সতেজতা : উত্তম/মধ্যম/সাধারণ
বাগানের রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : উত্তম/মধ্যম/সাধারণ
আবেদনে বর্ণিত তথ্যাদি ও সঠিকতা সম্পর্কিত মন্তব্য : ......................................

মূল্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি ..............................................

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরও সীল:

তারিখ :

বিঃদ্রঃ (মূল্যায়নের ক্ষেত্রে নীতিমালার ক্রমিক নং-১৬ ও ১৭ অবশ্যই অনুসরণ করিতে হইবে এবং তথ্যাদিও সঠিকতা সম্পর্কিত মূল্যায়নে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে, তবে মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকিতে হইবে)।

পরিশিষ্ট-ঙ

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ................ সালের জন্য আবেদনপত্র।
পুরস্কারের শ্রেণি : বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন (ছ শ্রেণির জন্য মূল্যায়ণ ছক)

১। আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানা :

২। উদ্যোগ/অবদানের সময়কাল (Period) :

৩। ইতিপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি-না : হাঁ/না

৪। বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন উদ্যোগ/অবদানের নাম ও ধরন :

| | |
|---|---|
| আবেদনকারী কর্তৃক পূরণযোগ্য | |
| বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন সংক্রান্ত তথ্যাদি | |
| ➡ | |
| ➡ | |
| ➡ | |
| ➡ | |
| ➡ | |

তারিখ : (আবেদনকারীর স্বাক্ষর)

মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য :

| | | |
|---|---|---|
| বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন সংক্রান্ত বিশেষ উদ্যোগের মান (√চিহ্নদিন) | : | গতানুগতিক/ যুগোপযোগী |
| পরিবেশ, প্রতিবেশ/জীব-বৈচিত্র্য রক্ষায় অবদানের মান (√চিহ্নদিন) | : | উত্তম/মধ্যম/সাধারণ |
| দারিদ্র বিমোচন/দেশের অর্থনীতিতে বিশেষ অবদানের মান (√চিহ্নদিন) | : | উত্তম/মধ্যম/সাধারণ |
| মাটি ক্ষয়রোধ/লবণাক্ততা রোধ/ প্রকৃতি সংরক্ষণে ভূমিকার মান (√চিহ্নদিন) | : | উত্তম/মধ্যম/সাধারণ |
| স্থানীয় জনগণের নিকট গ্রহণযোগ্যতার মাত্রা (√চিহ্নদিন) | : | পর্যাপ্ত/ মধ্যম/অপর্যাপ্ত |
| বাজারজাতকরণ/ প্রচার মাধ্যমে স্বীকৃতির মাত্রা (√চিহ্নদিন) | : | পর্যাপ্ত/ মধ্যম/অপর্যাপ্ত |
| জলবায়ু পরিবর্তন রোধে ভূমিকার মান (√চিহ্নদিন) | : | উত্তম/মধ্যম/সাধারণ |
| যৌক্তিকতা সহকাওে বিজ্ঞানভিত্তিক তথ্য উপস্থাপন (√চিহ্নদিন) | : | উত্তম/মধ্যম/সাধারণ |
| প্রামাণ্য চিত্র--(ভিডিও /স্থিরচিত্র/ফটোগ্রাফ) (√চিহ্নদিন) | : | উত্তম/মধ্যম/সাধারণ |

আবেদনের তথ্যাদি সঠিকতা সম্পর্কিত মন্তব্য (পৃথক কাগজে যৌক্তিকতা সহকারে)

মূল্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি .......................

মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল :

তারিখ :

বিদ্রঃ (আবেদনকারী কর্তৃক গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন বিষয়ক প্রমাণাদি সংযোজন বাঞ্ছনীয় এবং মূল্যায়নকারী কর্মকর্তাকে মাঠ পর্যায়ে যাচাই-বাছাইপূর্বক মূল্যায়ন করিতে হইবে। মূল্যায়নের ক্ষেত্রে নীতিমালার ক্রমিক নং-১৬ অবশ্যই অনুসরণ করিতে হইবে এবং তথ্যাদি ও সঠিকতা সম্পর্কিত মূল্যায়নে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে, তবে মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকিতে হইবে। মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই বাছাইপূর্বক উত্তম/মধ্যম/সাধারণ মান নির্ধারণ করিতে হইবে)।

CamScanner

ছক-১

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ............... সন।
ক,খ,গ শ্রেণির জন্য মূল্যায়ন ছক

ক থেকে গ শ্রেণি

| ক্রঃ নং | ব্যক্তি /প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও জেলা | বিভাগ | বাগান সৃজনের সন | বাগানের ধরন (ব্লক/উডলট/ বৃহৎ বন/ স্ট্রিপ) | ন্যূনতম বাগানের পরিমাণ (একর/ কিঃ মিঃ/ ন্যূনতম চারার সংখ্যা) | ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | জীবিত চারার হার (%) | বর্ধন হার (%) | প্রজাতি বৈচিত্র্য | বাগানের মডেল | মহিলা/ পুরুষ/ যৌথ উদ্যোগ | বাগান রক্ষণাবেক্ষণ /পরিচর্যার মান | সর্বমোট স্কোর | ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি না ? | উপজেলা/ জেলা/ বিভাগ/ উপ-কমিটি/ জাতীয় কমিটির সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট স্কোর-১০ | মোট স্কোর-২০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-২০ (৪+৪+৪+৪+৪) | মোট স্কোর-২০ (৪+৪+৪+৪+৪) | মোট স্কোর-৫ | মোট স্কোর-৫ | মোট স্কোর-১০ | ১০০ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |

(মূল্যায়নকারী সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যগণের নাম, স্বাক্ষর, পদবি ও সীল থাকিতে হইবে)

সভাপতি

উপজেলা/জেলা/বিভাগীয় কমিটি

ছক-২

বৃক্ষরোপণে প্রধান জাতীয় পুরস্কার ................ সন।

ব্যক্তি মালিকানাধীন নার্সারীর (ঘ শ্রেণির) জন্য মূল্যায়ন ছক

ঘ শ্রেণি

| ক্রঃ নং | ব্যক্তি / নার্সারীর নাম, ঠিকানা ও জেলা | বিভাগ | নার্সারী প্রতিষ্ঠার সন | নার্সারীর ন্যূনতম আয়তন (একর)/ ন্যূনতম সংখ্যক চারা) | ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | জীবিত চারার হার (%) | প্রজাতি বৈচিত্র্য | চারা বিক্রয়ের সংখ্যা | কর্মসংস্থান (স্থায়ী+ মৌসুমী) | মহিলা/ পুরুষ/ যৌথ উদ্যোগ | রক্ষণাবেক্ষণ/ পরিচর্যার মান (সেচ+সূর্যালোক +রক্ষণাবেক্ষণ) | সর্বমোট স্কোর | ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি না? | উপজেলা/ জেলা/ বিভাগ/ উপ-কমিটি/ জাতীয় কমিটির সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট স্কোর-১০ | মোট স্কোর-১৫ | মোট স্কোর-১৫ | মোট স্কোর ২৫ (৫+৫+৫+৫+৫) | মোট স্কোর-৫ | মোট স্কোর-১০ (৫+৫) | মোট স্কোর-৫ | মোট স্কোর-১৫ (৫–৫–৫) | ১০০ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |

সভাপতি

(মূল্যায়নকারী সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যগণের নাম, স্বাক্ষর, পদবি ও সীল থাকিতে হইবে)

উপজেলা/জেলা/বিভাগীয় কমিটি

ছক-৩

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ................ সন।
বাড়ীর ছাদে বাগান সৃজনের জন্য মূল্যায়ন ছক (ঙ শ্রেণীর জন্য)

ঙ শ্রেণি

| ক্রঃ নং | ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও জেলা | বিভাগ | বাগান সৃজনের সন | ন্যূনতম টব/চারার সংখ্যা | ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | সাজানোর ধরণ | প্রজাতি বৈচিত্র্য | দৃষ্টি নন্দন চাষ | বাগানের মডেল | মহিলা/ পুরুষ/ যৌথ উদ্যোগ | রক্ষনাবেক্ষণ/ পরিচর্যার মান | সর্বমোট স্কোর | ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি না ? | উপজেলা/ জেলা/ বিভাগ/ উপ-কমিটি/ জাতীয় কমিটির সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট স্কোর-১০ | মোট স্কোর-২০ | মোট স্কোর-৮ | মোট স্কোর-২৪ (৪+৪+৪+৪+৪+৪) | মোট স্কোর-১৮ (৩+৩+৩+৩+৩+৩) | মোট স্কোর-৫ | মোট স্কোর-৫ | মোট স্কোর-১০ | ১০০ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |

সভাপতি

উপজেলা/জেলা/বিভাগীয় কমিটি

(মূল্যায়নকারী সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যগণের নাম, স্বাক্ষর, পদবি ও সীল থাকিতে হইবে)

ছক-৪

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ................ সন।

বন বিভাগ কর্তৃক সৃজিত বাগানের জন্য মূল্যায়ন ছক (চ শ্রেণীর জন্য)

চ শ্রেণি

| ক্রঃ নং | বন বিভাগের নাম | বাগান সৃজনের সন | বাগানের ধরন (উপকূলীয়/ব্লক/উডলট/পাহাড়ী/কৃষিবন/স্ট্রিপ) | ন্যূনতম বাগানের পরিমান [একর/কিঃমিঃ/ন্যূনতম চারার হার (%)] | অতিরিক্ত জীবিত চারার শতকরা হার (%) | বর্ধন হার | বাগানের সতেজতা | বাগানের মডেল | রক্ষণাবেক্ষন/পরিচর্যার মান | সর্বমোট স্কোর | ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি না? | উপজেলা/জেলা/বিভাগ/উপ-কমিটি/জাতীয় কমিটির সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট স্কোর-১০ | মোট স্কোর-৩০ | মোট স্কোর-৩২ (৮+৮+৮+৮) | মোট স্কোর-১০ | মোট স্কোর-৮ | মোট স্কোর-১০ | ১০০ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

সভাপতি

উপজেলা/জেলা/বিভাগীয় কমিটি

(মূল্যায়নকারী সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যগণের নাম, স্বাক্ষর, পদবি ও সীল থাকিতে হইবে)

ছক-৫

বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার ................ সন।
বৃক্ষ গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন মূল্যায়ন ছক (ছ শ্রেণীর জন্য)

ছ শ্রেণি

| ক্রঃ নং | ব্যক্তি / প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও জেলা | বিভাগ | বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবন এর সময়কাল | বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবন সংক্রান্ত বিশেষ উদ্যোগ | পরিবেশ, প্রতিবেশ/ জীববৈচিত্র্য রক্ষায় অবদান | দারিদ্র বিমোচন/ দেশের অর্থনীতিতে অবদান | মাটি ক্ষয়রোধ/ লবনাক্ততারোধ/ প্রকৃতি সংরক্ষণে ভূমিকা | স্থানীয় জনগণের নিকট গ্রহণযোগ্যতা | বাজারজাতকরণ/ প্রচার মাধ্যমে স্বীকৃতি | জলবায়ু পরিবর্তনরোধে ভূমিকা | যৌক্তিকতা সহকারে বিজ্ঞান ভিত্তিক তথ্য উপস্থাপন | প্রামাণ্যচিত্র- ভিডিও/ স্থিরচিত্র/ ফটোগ্রাফ | কার্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সনদপত্র | সর্বমোট স্কোর | ইতোপূর্বে জাতীয় পুরস্কার প্রাপ্ত কি না? | উপজেলা/ জেলা/ বিভাগ/ উপ-কমিটি/ জাতীয় কমিটির সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১০ | মোট স্কোর-১৫ | মোট স্কোর-৫ | ১০০ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |

সভাপতি

(মূল্যায়নকারী সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যগণের নাম, স্বাক্ষর, পদবি ও সীল থাকিতে হইবে)

উপজেলা/জেলা/বিভাগীয় কমিটি

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

CamScanner